



## জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ৪৭তম প্রয়াণ বার্ষিকীতে বিশেষ নিবেদন



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ৪৭তম প্রয়াণ বার্ষিকী উপলক্ষে ৩ সেপ্টেম্বর ২০২৩-রবিবার সংগীত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ‘অন্তরে তুমি আছ চিরদিন’ শিরোনামে বিশেষ নিবেদন অনুষ্ঠিত হয়।

সংগীত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. ঝুমুর আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক এ এফ এম হায়াতুল্লাহ।

উল্লেখ্য বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে সংগীতের মাধ্যমে জাতীয় কবি নজরুল ইসলাম-এর জীবন ও কর্মকে স্মরণ করা হয়।



এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।